গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস ও এপিএ শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : এ বি এম আমিন উল্লাহ নুরী
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৬ জুলাই ২০২২
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, (অনলাইন জুম এ্যাপস), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সভাপতি উপস্থিত এবং জুম অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে বিগত বছরগুলোর ধারাবাহিকতা বজায় রেখে এ বিভাগকে আরও সক্রিয়ভাবে ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও শুদ্ধাচার কৌশল সংশ্লিষ্ট বিবিধ বিষয় সম্পর্কে আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে প্রতি প্রান্তিকের প্রথম মাসে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা থাকায় চলতি প্রান্তিকের প্রথম মাসে এ সভা অনুষ্ঠিত হচ্ছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব টিনা পাল, সিনিয়র সহকারী সচিব (এনআইএস ও এপিএ) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ :<br>২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের কার্যক্রমের লক্ষ্যমাত্রা উপস্থাপন করা হয়। তন্মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন ইত্যাদি বিষয়ে বিশদ আলোচনা হয়। সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রমসমূহের বাস্তবায়ন নির্দিষ্ট সময়ের মধ্য সম্পন্ন করা সম্ভব হবে। কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। | এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী সকল কার্যক্রমের বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০২ | সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) : ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের কার্যক্রমের লক্ষ্যমাত্রা উপস্থাপন করা হয়। প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন কার্যক্রম বাস্তবায়নে প্রতিবন্ধকতা রয়েছে কিনা মর্মে জানতে চাওয়া হলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর বলেন যে, প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রমসমূহের বাস্তবায়ন নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে। এছাড়া এ বিভাগের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৫ [প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা] বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১৯৯৯ ও ২০০৬ সালে জারিকৃত পরিপত্র অনুসারে (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) যথাসময়ে হস্তান্তর নিশ্চিত করার লক্ষ্যে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর প্রথম প্রান্তিকের সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ |
| ০৩ | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) : ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের কার্যক্রমের লক্ষ্যমাত্রা উপস্থাপন করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক এবং ভবিষ্যতেও এ ধারাবাহিকতা বজায় থাকবে বলে চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ |
| ০৪ | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের কার্যক্রমের লক্ষ্যমাত্রা উপস্থাপন করে সার্বিক অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি বলেন, ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। প্রথম প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর প্রথম প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। | চেয়ারম্যান/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫ | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) :<br>২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের কার্যক্রমের লক্ষ্যমাত্রা উপস্থাপন করা হয়। ডিটিসিএ'র কার্যক্রমের ১.৩ লক্ষ্যমাত্রায় [সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা] ২টি সভা উল্লেখ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশিকা অনুযায়ী দপ্তর/সংস্থার ক্ষেত্রে অংশীজন সভা ৪টি করতে হবে। এছাড়া তাদের প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন কার্যক্রম বাস্তবায়নে প্রতিবন্ধকতা রয়েছে কিনা মর্মে জানতে চাওয়া হলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, কার্যক্রমের ১.৩ লক্ষ্যমাত্রা সংশোধন করে ৪টি অংশীজন সভা করা হবে। ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে কোন সমস্যা নেই। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রথম প্রান্তিকের সকল কার্যক্রম সম্পন্ন করা হবে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.৩ [সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা] ৪টি উল্লেখ করতে হবে। প্রথম প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক /শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিটিসিএ |
| ০৬ | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) :<br>২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিএমটিসিএল বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। চলতি অর্থবছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়িত হবে বলে তিনি সভায় অবহিত করেন। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন বর্তমান অগ্রগতির ধারাবাহিকতা বজায় রেখে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে আন্তরিকভাবে কাজ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিএমটিসিএল |
| ০৭ | ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) :<br>২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের কার্যক্রমের লক্ষ্যমাত্রা উপস্থাপন করা হয়। সভা তাদের প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কোনো কার্যক্রম বাস্তবায়নে প্রতিবন্ধকতা রয়েছে কিনা তা সভায় উপস্থাপনের অনুরোধ জানানো হয়। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে কোন সমস্যা নেই। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রথম প্রান্তিকের সকল কার্যক্রম সম্পন্ন করা হবে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী প্রথম প্রান্তিকের সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক /শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা বিআরটি |

৩.০ সভাপতির সমাপনী বক্তব্যে এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে বাস্তবায়নাধীন কার্যক্রমগুলো নির্ধারিত সময়ে বাস্তবায়নে সকলের আন্তরিকতা ও প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে তাগিদ দেয়া হয়। বিগত বছরগুলোর ধারাবাহিকতা বজায় রেখে ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুসারে লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৪.০ আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৬.৭.২০২২
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০১.২২-১১৮

তারিখ : ১৮ শ্রাবণ, ১৪২৯ / ০২ আগস্ট, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৫। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অফিস কপি/মাস্টার কপি।

2/8/2022

(টিনা পাল)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৬৩২১
E-mail: tinapaul16952@gmail.com